AD(ATM)
06/5/2021

যোগাযোগ বিভাগ
ডাইরী নম্বরঃ ১১৪৫
তারিখঃ ৬/৫/২১

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ৮৮৯০ তারিখ: ২৬-০৪-২০২১ খ্রিঃ।

## অফিস আদেশ

জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের নিমিত্ত যুক্তরাষ্ট্র গমনের জন্য ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির আবেদনের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২৯ তারিখ-২৭/১২/২০২০ মূলে প্রার্থীত ছুটির অনুমোদন প্রাপ্ত হয়ে উক্ত তারিখেই যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি এবং অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ১৭/০১/২০২১ তারিখ হতে আজ অবধি তিনি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

২.০ ইতঃপূর্বে তিনি অনুমোদিত মেয়াদের অতিরিক্ত সময় যুক্তরাষ্ট্রে অবস্থান করায় তার অনুমোদনবিহীনভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান যৌক্তিক ও অনিবার্য ছিল না বিধায় ভূতাপেক্ষভাবে ছুটির আবেদন নামঞ্জুর হলে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তিনি করজোড় ক্ষমা প্রার্থনা করলে ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অননুমোদিত অতিরিক্ত ১২ (বার) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হয়। তিনি পূর্বের অননুমোদিত ছুটির বিষয়টি জানা সত্ত্বেও একইভাবে পুনরায় বিদেশে অবস্থান করে শারীরিক বিভিন্ন সমস্যার কথা উল্লেখপূর্বক চিকিৎসা শেষে শারীরিক যোগ্যতা অর্জন সাপেক্ষে কাজে যোগদানের বিষয় উল্লেখ করে ১২/০১/২০২১ তারিখের অনির্দিষ্টকালের একটি ছুটির আবেদন ই-মেইলে প্রধান প্রকৌশলী বরাবর অগ্রায়ন করেন।

৩.০ অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ তিনি বিদেশে অবস্থান করায় কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে যা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ।

৪.০ উক্ত অভিযোগে জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫৫(১) প্রবিধি মোতাবেক তার অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে 'সাময়িকভাবে বরখাস্ত' করা হলো।

৫.০ এ আদেশ তার অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০

বিতরণ:

১। সদস্য (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (ডিজাইন), প্রকৌশল বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: 86-73 107st, Jamaica Avenue, NY-11418, USA.
৫। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬। সহকারী পরিচালক (স.ক.ভ.ত), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি: (বাহির)

১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান

যোগাযোগ বিভাগ
ডাইরী নম্বরঃ ১০৯৪
তারিখঃ ৬।৫।২১

AD (RTH)
06/5/2021

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ৮৬৯১ তারিখ: ২৬-০৪-২০২১ খ্রিঃ।

## অভিযোগনামা

বিষয়: জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) এর বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ দায়ের।

যেহেতু, আপনি জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের নিমিত্ত যুক্তরাষ্ট্র গমনের জন্য ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির আবেদনের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২৯ তারিখ-২৭/১২/২০২০ মূলে প্রার্থীত ছুটির অনুমোদন প্রাপ্ত হয়ে উক্ত তারিখেই যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি এবং অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ১৭/০১/২০২১ তারিখ হতে আজ অবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, ইতঃপূর্বে আপনি অনুমোদিত মেয়াদের অতিরিক্ত সময় যুক্তরাষ্ট্রে অবস্থান করায় আপনার অনুমোদনবিহীনভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান যৌক্তিক ও অনিবার্য ছিল না বিধায় ভূতাপেক্ষভাবে ছুটির আবেদন নামঞ্জুর হলে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং আপনি করজোড় ক্ষমা প্রার্থনা করলে ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে আপনাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অননুমোদিত অতিরিক্ত ১২ (বার) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হয়;

যেহেতু, আপনার পূর্বের অননুমোদিত ছুটির বিষয়টি জানা সত্ত্বেও একইভাবে পুনরায় বিদেশে অবস্থান করে শারীরিক বিভিন্ন সমস্যার কথা উল্লেখপূর্বক চিকিৎসা শেষে শারীরিক যোগ্যতা অর্জন সাপেক্ষে কাজে যোগদানের বিষয় উল্লেখ করে ১২/০১/২০২১ তারিখের অনির্দিষ্টকালের একটি ছুটির আবেদন ই-মেইলে প্রধান প্রকৌশলী বরাবর অগ্রায়ন করেন;

যেহেতু, আপনি অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করায় কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে যা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ;

সেহেতু, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হ'ল;

বর্ণিত অভিযোগ হেতু কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল। আপনি স্ব-শরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫৩(১)(ক) প্রবিধি মোতাবেক অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০

জনাব মোঃ শহীদুজ্জামান
নির্বাহী প্রকৌশলী (ডিজাইন)
প্রকৌশল বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
বহিঃ বাংলাদেশ ঠিকানা:
86-73 107st, Jamaica Avenue, NY-11418, USA.

অনুলিপি:

১। সদস্য (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি: (বাহির)

১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের নিমিত্ত যুক্তরাষ্ট্র গমনের জন্য ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির আবেদনের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২৯ তারিখ-২৭/১২/২০২০ মূলে প্রার্থীত ছুটির অনুমোদন প্রাপ্ত হয়ে উক্ত তারিখেই যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি এবং অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ১৭/০১/২০২১ তারিখ হতে আজ অবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। ইতঃপূর্বে তিনি অনুমোদিত মেয়াদের অতিরিক্ত সময় যুক্তরাষ্ট্রে অবস্থান করায় তার অনুমোদনবিহীনভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান যৌক্তিক ও অনিবার্য ছিল না বিধায় ভূতাপেক্ষভাবে ছুটির আবেদন নামঞ্জুর হলে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তিনি করজোড় ক্ষমা প্রার্থনা করলে ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অননুমোদিত অতিরিক্ত ১২ (বার) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হয়। তিনি পূর্বের অননুমোদিত ছুটির বিষয়টি জানা সত্ত্বেও একইভাবে পুনরায় বিদেশে অবস্থান করে শারীরিক বিভিন্ন সমস্যার কথা উল্লেখপূর্বক চিকিৎসা শেষে শারীরিক যোগ্যতা অর্জন সাপেক্ষে কাজে যোগদানের বিষয় উল্লেখ করে ১২/০১/২০২১ তারিখের অনির্দিষ্টকালের একটি ছুটির আবেদন ই-মেইলে প্রধান প্রকৌশলী বরাবর অগ্রায়ন করেন। অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ তিনি বিদেশে অবস্থান করায় কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে।

তার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০